ভোরের কাগজ

33

তারিখ ... ... OCT 10 1999 ...
পৃষ্ঠা ১০ কলাম ৬ ......

# ঢা. বি. শিক্ষা ইনস্টিটিউটে ছাত্র-শিক্ষক সমঝোতা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে আন্দোলনকারী ছাত্রদের সঙ্গে শিক্ষকদের সমঝোতা হয়েছে।

আগামী ৩০ অক্টোবরের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের অপসারণের ব্যাপারে কর্তৃপক্ষ ব্যবস্থা নিবে এ শর্তে ছাত্ররা আগামী ১৫ অক্টোবর পর্যন্ত প্রশাসনিক কাজকর্মে বাধা দেবে না বলে জানিয়েছে। তবে ১৫ অক্টোবর পূজার বন্ধের আগ পর্যন্ত ছাত্ররা কোনো ক্লাস করবে না। পূজার বন্ধের পরে ২৫ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত ক্লাসের ব্যাপারে কোনো সুস্পষ্ট আলোচনা হয়নি। ৩০ অক্টোবরের মধ্যে প্রশাসন ছাত্রদের দাবি মেনে না নিলে তারা আবার আন্দোলনের কর্মসূচি দেবে।

এদিকে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্র সংগ্রাম পরিষদ তাদের আন্দোলন সম্পর্কে শিক্ষক সমিতির বক্তব্যের প্রতিবাদ করেছে। গতকাল এক বিবৃতিতে তারা জানায়, শিক্ষক সমিতির বক্তব্য মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত।